

As upload  
write  
P

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ


স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৩৮.২৫.১৮২

বিষয়: ওশান ইকো এ্যাপারেলস লিমিটেড এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসঙ্গে।  
সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১৯০, তারিখ: ২৭/০২/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওশান ইকো এ্যাপারেলস লিমিটেড, অফিস: বাড়ী নং-২০, রোড নং-১/বি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও কারখানা: হোল্ডি নং-৯৮, রোড নং-১/বি, শহীদ কাউসার মঞ্জিল, গ্রাম-বড়ুয়া (শেখ বাড়ী), পোঃ বরুয়া, থানা-খিলক্ষেত, ঢাকা-১২২৯ নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি ০০০৯২৪-২২, তারিখ: ৩০/০৩/২০২২ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। প্রতিষ্ঠানটির অনুকূলে ১ম এডহক শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৬৯৯৫২২, তারিখ: ২১/০৪/২০২২, খ্রিস্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে আমদানিস্বত্ব নির্ধারণ ব্যতিরেকে হতে হ্রাস করে বার্ষিক =৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা ও ষান্মাসিক = ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপে ক্ষে ওশান ইকো এ্যাপারেলস লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে বার্ষিক =৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা ও ষান্মাসিক = ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



১০-০৩-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৩৮.২৫.১৮২/১ (৬)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ., নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। ., কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ., ব্যবস্থাপনা পরিচালক, ওশান ইকো এ্যাপারেলস লিমিটেড, অফিসঃ বাড়ী নং-২০, রোড নং-১/বি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও কারখানাঃ হোল্ডি নং-৯৮, রোড নং-১/বি, শহীদ কাউসার মঞ্জিল, গ্রাম-বড়ুয়া (শেখ বাড়ী), পোঃ বরুয়া, থানা-খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ৪। ., সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। ., ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। ., অফিস কপি।



১০-০৩-২০২৫  
মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক